

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০০৯

আগরতলা, ১৭ সেপ্টেম্বর, ২০২৩

জুভেনাইল হোম-সিনিয়র সিটিজেন হোম সহ বিভিন্ন আবাস পরিদর্শনে মুখ্যমন্ত্রী
সমাজের প্রান্তিক মানুষের উন্নয়নে সরকার কাজ করছে : মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ বিকেলে নরসিংগড়স্থিত মহাত্মা গান্ধী মেমোরিয়াল সিনিয়র সিটিজেন হোম, জুভেনাইল হোম, অনাথালয় ও দিব্যাঙ্গজন ছেলেমেয়েদের আবাস পরিদর্শন করেন। মূলত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ৭৩ তম জন্মদিবস উপলক্ষে মুখ্যমন্ত্রীর এই পরিদর্শন কর্মসূচি। এ সমস্ত আবাস পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বৃদ্ধাশ্রমের আবাসিক, দিব্যাঙ্গজন ছেলেমেয়ে, জুভেনাইল হোমের কিশোরকিশোরী, অনাথশিশুদের সাথে কথা বলেন ও তাদের বিষয়ে বিস্তারিত খোঁজখবর নেন। মুখ্যমন্ত্রী আবাসিকদের জীবনযাত্রা সম্পর্কেও অবগত হন। প্রথমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিনকে স্মরণীয় করে রাখতে আবাসিকদের হাতে ফল ও মিষ্টি তুলে দেন।

পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সাংবাদিকদের জানান, বর্তমান সরকারের মূল লক্ষ্যই হল মানুষের সাথে মানুষের পাশে থাকা। আজকের শুভদিনকে সামনে রেখেই তাঁর এখানে আসা। মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সুযোগ্য নেতৃত্বে ভারত আজ বিশ্বের কাছে মর্যাদা অর্জন করেছে। বর্তমান কেন্দ্রীয় ও রাজ্য সরকার প্রতিনিয়ত সমাজের প্রান্তিক মানুষের উন্নয়নে কাজ করছে। দেশ আজ পরিকাঠামোগত দিক থেকে শুরু করে স্বাস্থ্য, শিক্ষা, ক্রীড়া ইত্যাদি ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে। বর্তমান কেন্দ্রীয় সরকারের গত ৯ বছরে দেশ ও দেশবাসীর কল্যাণে অনেক বলিষ্ঠ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যা দেশকে বিশ্ব মানচিত্রে তুলে ধরেছে। পিএম-বিশ্বকর্মা যোজনার কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, দেশের চিরাচরিত প্রথাগত শিল্পের বিকাশে প্রধানমন্ত্রী এই যোজনা চালু করেছেন। এই যোজনা দেশের গ্রামীণ ও শহর এলাকায় অর্থনৈতিক বিকাশে বলিষ্ঠ ভূমিকা নেবে। পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রীর সাথে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায়।
